

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১৬৭-আইন/২০১১/২৩৫৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ, ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৪১-আইন/২০০৯/২২৪৪/শুল্ক বাতিলক্রমে, কাস্টমস ডিউটি আদায়কল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য ব্যবহৃত পুরাতন বা রিকন্ডিশনড মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথা:-

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্য হইতে ১০% বিরোজন এবং গাড়ির সরাসরি গড় মূল্যের উপর অনধিক ৩ (তিনি) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ির জন্য সর্বসাকূল্যে (consolidated) ২৫% অবচয় প্রদান করিয়া প্রাপ্ত মূল্য :

তবে শর্ত থাকে যে, পুরাতন, ব্যবহৃত বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন্যূনতম ৩৬৫ (তিনিশত পঁয়ষষ্ঠি) দিন হইতে হইবে এবং উহা ন্যূনতম ১০০০ (এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুল্কায়নকালে জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate ও Japan Auto Appraisal Institute (JAAI) কর্তৃক ইস্যুকৃত গাড়ির

বয়স সংক্রান্ত সনদপত্র এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনে দাখিল করিতে হইবে ।

২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বৎসর গণনার ক্ষেত্রে, গাড়িটি যে তারিখে প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে তারিখ হইতে ৩৬৫ (তিনিশত পঁয়ষট্টি) দিনে ১ (এক) বৎসর গণনা করিতে হইবে ।

ব্যাখ্যা :- সংশ্লিষ্ট মোটর গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে মাসের পরবর্তী মাসের প্রথম তারিখকে অনুচ্ছেদ ১ ও ২ এর উদ্দেশ্য পূরণকল্পে রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য করিতে হইবে ।

৩। গাড়ি শুক্রায়নকালে জাপান হইতে আমদানির ক্ষেত্রে Japan Export Vehicle Inspection Center Co. Ltd. (JEVIC) কর্তৃক ইস্যুকৃত Road worthiness সংক্রান্ত সনদপত্র এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের স্বীকৃত Automobiles Association কর্তৃক ইস্যুকৃত Road worthiness সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস্ স্টেশনে দাখিল করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, Road worthiness সংক্রান্ত সনদপত্র দাখিলের বিধান বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আমদানি নীতি আদেশ ২০০৯-২০১২ তে অনুভূত্বকরণ সাপেক্ষে কার্যকর হইবে ।

৪। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কারকৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত মূল্য অনুচ্ছেদ ১ ও ২ এর পদ্ধতি অনুসরণে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুক্রায়ন করিতে হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(ড. নাসিরউদ্দীন আহমেদ)
সচিব ।